

নভেম্বর/২০২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক
কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১১.১১.২০২১ খ্রি. বিকাল ০৩.০০ ঘটিকায়
সভাপতি : মোহাম্মদ সাকিলা বেগম, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসমতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটির সভা আহরণ করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সর্বসমত সিদ্ধান্ত গৃহীত হয়।


২. আলোচনা : জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিভাগের বর্তমান অবস্থা

সিদ্ধান্ত : গোবিন্দগঞ্জ উপজেলাধীন জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিভাগের বর্তমান কার্যক্রম সন্তোষজনক। এ বিষয়ে প্রতিবেদন উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের বিষয়ে সর্বসমত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আলোচনা : বর্তমানে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলছে। খুব শিখ্রই পানি সরবরাহের আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প নামে একটি প্রকল্পের কাজ শুরু হবে, যাতে গোবিন্দগঞ্জ উপজেলার ১৭টি ইউনিয়ন অন্তর্ভুক্ত।

৪. সিদ্ধান্ত : গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ যথাযথভাবে বাস্তবায়ন এবং পানি সরবরাহের আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পে নবগঠিত তিনটি ইউনিয়নের নাম যুক্ত করার বিষয়ে উপসহকারী প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসমতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি

উপজেলা পরিষদ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও
বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
তারিখ : ১১.১১.২০২১ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।



সদস্য সচিব

উপজেলা পরিষদ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও
বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।